গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০১.০৮৩.১৯.২৭

তারিখ: ২৬ শ্রাবণ ১৪২৭
১০ আগস্ট ২০২০

বিষয়: রিট পিটিশন নং-৩৬৩৫/২০১৯ মামলায় সরকার পক্ষের জবাব (Affidavit in opposition) দাখিলসহ প্রয়োজনীয় আইনী ব্যবস্থাগ্রহণক্রমে টিএমইডিতে তথ্যপ্রেরণ।

সূত্র: মহামান্য হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ২৯.০৪.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকেমহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব মিজানুর রহমান, পিতা: আবদুল মোতালেব ঢালি, মাতা: জরিনা বেগম, গ্রাম: সূর্যমনি, পোস্ট: স্নানঘাটা, থানা: কালকিনি, জেলা: মাদারীপুর, ৯ম শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০১৩, পদ: সহকারী শিক্ষক, বিষয়: গণিত, এনটিআরসিএ-রোল নং-৩২১০৫৪৩৪, রেজিস্ট্রেশন নং-১০১৩৯৩৯৮৮৭ এবং অন্যান্য কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৩৬৩৫/২০১৯ মামলা দায়ের করা হয়েছে এবং মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক উক্ত মামলার রুল নিশি জারির আদেশ প্রেরণ করা হয়েছে।

০২. উক্ত মামলার রুল নিশি জারীর আদেশ খানা পর্যালোচনা করে দেখা যায় যে, জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর বিধি-১১.৬ এবং অনুমোদিত বেসরকারী স্কুল শিক্ষকদের (মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড) চাকুরির অবস্থা ও শর্তাধীন প্রবিধান,১৯৭৯-কে চ্যালেঞ্জ করে মামলাটি দায়ের করা হয়েছে।

০৩. "বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এম.পি.ও. নীতিমালা-২০১৮" এর ১১.৬অনুচ্ছেদটি নিম্নরূপ:

"বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের (মাদ্রাসা) শিক্ষক-কর্মচারীদের চাকুরিতে প্রথম প্রবেশের সর্বোচ্চ বয়সসীমা ৩৫ বছর। তবে সমপদে বা উচ্চতর পদে নিয়েগের ক্ষেত্রে ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য। শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ ৬০ (ষাট) বছর বয়স পর্যন্ত প্রদেয় হবে। বয়স ৬০ বছর পূর্ণ হবার পর কোন প্রতিষ্ঠানে প্রতিষ্ঠান প্রধান/সহ: প্রধান/ শিক্ষক-কর্মচারিকে কোন অবস্থাতেই পুন: নিয়োগ বা চুক্তিভিত্তিক নিয়োগ দেয়া যাবেনা।"

০৪. উক্ত রিট পিটিশন মামলায় সচিব, শিক্ষা মন্ত্রণালয় (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ) মহোদয়কে ১ নং রেসপনডেন্ট, সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়-কে ২নং রেসপনডেন্ট, চেয়ারম্যান, এনটিআরসিএ-কে ৩ নং রেসপনডেন্টসহ মোট ০৫ (পাঁচ) জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

০৫. মামলাটিতে জনবল কাঠামো-২০১৮ এর বিধি ১১.৬-কে চ্যালেঞ্জ করা হয়েছে। জনবল কাঠামোটি বাংলাদেশের স্কুল, কলেজ, মাদ্রাসাসহ সকল বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে প্রযোজ্য হচ্ছে এবং এ সকল শিক্ষা প্রতিষ্ঠান অধিদপ্তরগুলোর মাধ্যমে পরিচালিত হচ্ছে।

০৬. সেমতে মামলাটিতে সরকারী স্বার্থের প্রতি গুরুত্বারোপ করে অধিদপ্তরগুলোর অগ্রনী ভূমিকা পালন করা প্রয়োজন। বাংলাদেশের মাদ্রাসাগুলো এবং কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের স্বার্থ যাতে বিঘ্নিত না হয় এবং সরকার প্রণীত নীতিমালার যৌক্তিকতা আদালতে প্রমানের নিমিত্ত মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর (মাদরাসা সংশ্লিষ্ট অংশ) এবং ডিজি,ডিটিই (কারিগরি প্রতিষ্ঠান সংশ্লিষ্ট অংশ) কর্তৃক মামলাটির খসড়া জবাব প্রস্তুত হলে অধিক ফলপ্রসু হবে মর্মে প্রতীয়মান হয়।

০৭. মামলাটিতে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে উক্ত মামলার খসড়া (কারিগরি ও মাদরাসা সংশ্লিষ্ট অংশ) জবাব প্রস্তুতক্রমে টিএমইডিতে প্রেরণ প্রয়োজন।

০৮. এমতাবস্থায় উপরিউক্ত মতে রিট পিটিশন নং-৩৬৩৫/২০১৯ মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষে:

(ক) মামলাটির জবাব ইতোপূর্বে দাখিল হয়ে থাকলে এর প্রমাণক সহ মামলাটির সর্বশেষ তথ্য আগামী ২০.০৮.২০২০ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(খ) মামলাটির জবাব দাখিল না হয়ে থাকলে জবাবের খসড়া প্রস্তুতক্রমে ২৫.০৮.২০২০ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য মহোদয়দ্বয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১০-৮-২০২০
ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০১.০৮৩.১৯.২৭/১(৭)

তারিখ: ২৬ শ্রাবণ ১৪২৭
১০ আগস্ট ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।

২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪) সিসটেম এ্যানলিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৫) যুগ্ম-সচিব (অডিট ও আইন)মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

৭) অফিস কপি/ মাস্টার কপি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

১০-৮-২০২০
ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)